

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা
www.masscommunication.gov.bd

নম্বর: ১৫.৫৬.০০০০.০০১.৯৯.২০১.২৪-৭৫৫

তারিখ: ০৬.০৫.২০২৪খ্রি.

বিষয়: নিলাম বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংযুক্ত নিলাম বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত পত্রিকায় ০১ (এক) দিন (০৭.০৫.২০২৪খ্রি.) সকল সংস্করণে ৮ ইঞ্চি ৩ কলাম আকারে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের ০৪ (চার) কপি (পত্রিকার) সৌজন্য সংখ্যা এবং ডিএফপি কর্তৃক জারিকৃত হালনাগাদ বিজ্ঞাপন রেটের প্রমাণপত্রসহ বিজ্ঞাপন বিলের ০৩ (তিন) কপি এ অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক-০১ (এক) কপি।


১৬/০৫/২৪
(রেজাউল রাব্বী মনির)
উপপরিচালক (ক্রয় ও বিতরণ)
গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
ফোন: ৮৩০০৬৫০

প্রতি,

বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ দৈনিক সংবাদ/ ডেইলি অবজারভার

অনুলিপি:

- ০১। সহকারী তথ্য অফিসার (আইসিটি), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা (দরপত্র বিজ্ঞপ্তিটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ০২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

নং ১৫.৫৬.০০০০.০০১.৯৯.২০১.২৪.৭৫৫

তারিখ: ০৬.০৫.২০২৪


নিলাম বিজ্ঞপ্তি

গণযোগাযোগ অধিদপ্তরধীন জেলা তথ্য অফিস কক্সবাজার, নওগাঁ, হবিগঞ্জ, মুন্সিগঞ্জ, জামালপুর, নোয়াখালী, চুয়াডাঙ্গা এর অকেজো ঘোষিত ০৭টি মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান (যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায়) শর্তসাপেক্ষে নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র:ম	লট নং	সিনেমাভ্যানের বিবরণ	সিনেমাভ্যানের অবস্থান	মন্তব্য
০১	এ	রেজি নং-কক্সবাজার-ম-৫১-০০১৫, মিতসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ২০০১খ্রি., চেসিস নং-JMYHNP13WYA000665 ইঞ্জিন নং4G63DA9191 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন-পেট্রোল/ডিজেল।	জেলা তথ্য অফিস কক্সবাজার	১ম নিলাম
০২	বি	রেজি নং-নওগাঁ-ঠ-১১-০০১৩, মিতসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ২০০৩খ্রি., চেসিস নং-JMYHNP13W3A000498 ইঞ্জিন নং4G63HP7521 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন- পেট্রোল/ডিজেল।	জেলা তথ্য অফিস নওগাঁ	১ম নিলাম
০৩	সি	রেজি নং-হবিগঞ্জ-শ-১১-০০০১, মিতসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ২০০৩খ্রি., চেসিস নং-JMYHNP13W3A000490 ইঞ্জিন নং4G63HP4548 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন- পেট্রোল/ডিজেল।	জেলা তথ্য অফিস হবিগঞ্জ	১ম নিলাম
০৪	ডি	রেজি নং-বরিশাল-ঠ-১১-০০৪০, মিতসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ২০০৩খ্রি, চেসিস নং-JMYHNP13WA000479 ইঞ্জিন নং4G63HP6085 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন- পেট্রোল/ডিজেল।	জেলা তথ্য অফিস মুন্সিগঞ্জ	১ম নিলাম
০৫	ই	রেজি নং জামালপুর-ম-০৫-০০০৯, মিতসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ২০০১খ্রি, চেসিস নং-JMYHNP13WYA000668 ইঞ্জিন নং4G63DB0293 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন- পেট্রোল।	জেলা তথ্য অফিস জামালপুর	১ম নিলাম
০৬	এফ	রেজি নং-মুন্সিগঞ্জ-ম-০২-০০২৫, মিতসুবিসি-এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ২০০৩খ্রি, চেসিস নং-JMYHNP13WA0000497 ইঞ্জিন নং4G63HP7511 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন- পেট্রোল।	জেলা তথ্য অফিস নোয়াখালী	১ম নিলাম
০৭	জি	রেজি নং-ঢাকা-মেট্রো-ম-০২-১৭৬৯, মিতসুবিসি এল-৩০০, জাপান, গাড়ীর ধরণ: মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান, ক্রয়ের সাল: ১৯৯২খ্রি, চেসিস নং-CGCP01PA00227 ইঞ্জিন নং4G33HV5160 সিলিন্ডারের সংখ্যা-০৪, ইঞ্জিন- পেট্রোল।	জেলা তথ্য অফিস চুয়াডাঙ্গা	৩য় নিলাম

০৫। শর্তাবলীঃ

- মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যান বিক্রির জন্য প্রতিটি লটের প্রতিটি সিডিউল মূল্য ৩০০/- (তিনশত) টাকা মূল্যে ২১.০৫.২০২৪খ্রি: পর্যন্ত অফিস চলাকালীন গণযোগাযোগ অধিদপ্তরের ক্যাশিয়ারের (৯ম তলা, কক্ষ নং ৯১৩) নিকট হতে অথবা সংশ্লিষ্ট জেলা তথ্য অফিস হতে সংগ্রহ করা যাবে।
- দরপত্র অবশ্যই সিলমোহরকৃত খামে ২২.০৫.২০২৪খ্রি. দুপুর ২.০০টার মধ্যে গণযোগাযোগ অধিদপ্তরের সভাকক্ষে অথবা সংশ্লিষ্ট জেলা তথ্য অফিসে রক্ষিত টেন্ডার বাক্সে ফেলা যাবে। সংশ্লিষ্ট জেলা তথ্য অফিসসমূহ এদিন বেলা ২.৩০ টায় টেন্ডার বাক্স খুলে বিশেষ বাহক মারফত প্রাপ্ত দরপত্রগুলো সিলগালা অবস্থায় একটি খামে ভরে মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর বরাবর প্রেরণ করবেন।
- গণযোগাযোগ অধিদপ্তরে ২৩.০৫.২০২৪.খ্রি. সকাল ১১টায় প্রাপ্ত দরপত্রাব দরদাতাদের উপস্থিতিতে খোলা হবে (যদি কেউ উপস্থিত থাকেন)।
- মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের বিস্তারিত বিবরণ/শর্তাবলী সিডিউলে অন্তর্ভুক্ত থাকবে। দরপত্র প্রদানের নিমিত্ত মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের জন্য নির্ধারিত মূল্যের সিডিউল নগদ মূল্যে গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা এর ক্যাশিয়ারের নিকট থেকে সংগ্রহ করা যাবে। এছাড়াও বর্ণিত জেলা তথ্য অফিসের সিনেমাভ্যানের সিডিউল সংশ্লিষ্ট জেলা তথ্য অফিস থেকে অনুরূপ নিয়মে নগদ মূল্যে সংগ্রহ করা যাবে।
- প্রতিটি মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের জন্য সিডিউলে বর্ণিত শর্তাবলী মেনে এবং সিডিউল যথাযথভাবে পূরণ করে পৃথক পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে।
- প্রত্যেক দরপত্রের সঙ্গে উদ্ধৃত মূল্যের উপর ১০% জামানত হিসেবে যে কোন বাণিজ্যিক ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- কৃতকার্য দরদাতাকে মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানগুলো ডেলিভারি নেওয়ার আগে উদ্ধৃত মূল্যের উপর ৭.৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং ১০% হারে উৎস আয়কর জমা দিয়ে চালানের মূলকপি গণযোগাযোগ অধিদপ্তরে জমা দিতে হবে।
- কৃতকার্য দরদাতাদের দরপত্রে উদ্ধৃত মূল্যের সমুদয় টাকা কার্যাদেশ পাওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-এর ক্যাশিয়ারের নিকট জমা দিয়ে অধিদপ্তর হতে প্রতিটি মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের জন্য ডেলিভারির আদেশপত্র সংগ্রহ করতে হবে।
- কৃতকার্য দরদাতা নির্ধারিত সময়ের মধ্যে নিলামকৃত মাইক্রোবাস টাইপ সিনেমাভ্যানের মূল্য বাবদ টাকা জমা দিতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত ঘোষণা করে সরকারের নির্ধারিত খাতে জমা দেয়া হবে।
- অকৃতকার্য দরপত্র দাতাদের জামানত বাবদ জমাকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সদর দপ্তর হতে ফেরত দেওয়া হবে।
- কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।



(রেজাউল রাস্কী মনির)
উপপরিচালক (ক্রয় ও বিতরণ)
গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।